তারিখ ১২ MAY 2016
পৃষ্ঠা ৩/১৬ কলাম ৭

দৈনিক
ইত্তেফাক

# সিলেটে পাসের হার বেড়েছে, কমেছে জিপিএ-৫

■ ফখরুল ইসলাম, সিলেট অফিস

এবারের এসএসসি পরীক্ষায় সিলেট শিক্ষা বোর্ডে বেড়েছে পাসের হার এবং কমেছে জিপিএ-৫। গতকাল বুধবার প্রকাশিত ফলাফল অনুযায়ী এবার এ বোর্ডে পাসের হার ৮৪ দশমিক ৭৭। যা গত বছরের তুলনায় ২ দশমিক ৯৫ ভাগ বেশি। ২০১৫ সালে পাসের হার ছিল ৮১ দশমিক ৮২ ভাগ। এবার জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ২৬৬ জন। গতবছর এই সংখ্যা ছিল ২ হাজার ৪৫২ জন।

সার্বিক ফল প্রসঙ্গে সিলেট মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক শামসুল ইসলাম বলেন, গতবারের তুলনায় এবার সিলেটে পাসের হার বেড়েছে কিন্তু জিপিএ-৫ কমেছে। পাসের হার কিছুটা বৃদ্ধি পাওয়ায় আমরা সন্তুষ্ট।

এবার সিলেট বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮৪ হাজার ৪৪৮ জন। এরমধ্যে ছেলে ৩৭ হাজার ৬৭২ জনের মধ্যে পাস করেছে ৩২ হাজার ৩১৮ জন। পাসের হার ৮৫ দশমিক ৭৯ ভাগ। ৪৬ হাজার ৭৭৬ জন মেয়ে পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩৯ হাজার ২৬৮ জন। মেয়েদের পাসের হার ৮৩ দশমিক ৯৫।

সিলেট শিক্ষা বোর্ডের অধীন ৪ জেলার মধ্যে পাসের হারের দিক থেকে এগিয়ে রয়েছে সিলেট জেলা। এ জেলায় পাসের হার ৮৬ দশমিক ৩০। আর সবার পেছনে মৌলভীবাজার জেলা। মৌলভীবাজার জেলার পাসের হার ৮২ দশমিক ৩৮।

প্রকাশিত ফলাফলে দেখা যায়, সিলেট জেলার পাসের হার ৮৬ দশমিক ৩০। এ জেলা থেকে মোট ৩১ হাজার ৪৭৫ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ছেলে ১৪ হাজার ২৫৫ জন ও মেয়ে ১৭ হাজার ২২০ জন। মোট পাস করেছে ২৭ হাজার ১৬২ জন। পাস করা শিক্ষার্থীর মধ্যে ছেলে ১২ হাজার ৪৪৬ জন এবং মেয়ে ১৪ হাজার ৭১৬ জন। মোট জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ২৮০ জন। এর মধ্যে ছেলে ৭২৩ জন ও মেয়ে ৫৫৭ জন। ছেলেদের পাসের হার ৮৭ দশমিক ৩১ ও মেয়েদের ৮৫ দশমিক ৪৬।

বোর্ডে ২য় স্থানে রয়েছে হবিগঞ্জ জেলা। হবিগঞ্জ জেলায় পাসের হার ৮৫ দশমিক ৯৯। হবিগঞ্জ থেকে মোট ১৫ হাজার ৬৭২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ছেলে ৬ হাজার ৯৪৫ জন ও মেয়ে ৮ হাজার ৭২৭ জন। মোট পাস করেছে ১৩ হাজার ৪৭৬ জন। পাস করা শিক্ষার্থীর মধ্যে ছেলে ৬ হাজার ১৭ জন ও মেয়ে ৭ হাজার ৪৫৯ জন। জিপিএ-৫ পেয়েছে ৩৪৯ জন। এর মধ্যে ছেলে ১৯৭ জন ও মেয়ে ১৫২ জন। ছেলেদের পাসের হার ৮৬ দশমিক ৬৪ ও মেয়েদের ৮৫ দশমিক ৪৭।

৩য় স্থানে রয়েছে সুনামগঞ্জ জেলা। সেখানে পাসের হার ৮৩ দশমিক ৬০। সুনামগঞ্জ জেলা থেকে মোট ১৭ হাজার ৯৪৩ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ছেলে ৮ হাজার ৩৮৬ জন ও মেয়ে ৯ হাজার ৫৫৭ জন। মোট পাস করেছে ১৫ হাজার জন। পাস করা শিক্ষার্থীর মধ্যে ছেলে ৭ হাজার ৬২ জন ও মেয়ে ৭ হাজার ৯৩৮ জন। জিপিএ-৫ পেয়েছে ২১৮ জন। এর মধ্যে ছেলে ১১৭ জন ও মেয়ে ১০১ জন। ছেলেদের পাসের হার ৮৪ দশমিক ২১ ও মেয়েদের ৮৩ দশমিক ০৬।

বোর্ডে ৪র্থ স্থানে রয়েছে মৌলভীবাজার জেলা। জেলার পাসের হার ৮২ দশমিক ৩৮। মৌলভীবাজার জেলা থেকে মোট ১৯ হাজার ৩৫৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ছেলে ৮ হাজার ৮৬ জন ও মেয়ে ১১ হাজার ২৭২ জন। মৌলভীবাজার জেলায় মোট পাস করেছে ১৫ হাজার ৯৪৮ জন। পাস করা শিক্ষার্থীর মধ্যে ছেলে ৬ হাজার ৭৯৩ জন ও মেয়ে ৯ হাজার ১৫৫ জন। জিপিএ-৫ পেয়েছে ২১৮ জন। এর মধ্যে ছেলে ১৮৮ জন ও মেয়ে ২৩১ জন। ছেলেদের পাসের হার ৮৪ দশমিক ০১ ও মেয়েদের ৮১ দশমিক ২২।

**ছেলেরা এগিয়ে**

সিলেট শিক্ষা বোর্ডে সার্বিক ফলাফলে মেয়েদের চেয়ে ছেলেরা ভালো করেছে। পাসের হার ও জিপিএ-৫ প্রাপ্তি উভয় দিক থেকেই এগিয়ে রয়েছে ছেলেরা। এবার পরীক্ষায় ৩৭ হাজার ৬৭২ জন ছেলে পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছে ৩২ হাজার ৩১৮ জন। ছেলেদের পাসের হার ৮৫ দশমিক ৭৯ ভাগ। অন্যদিকে ৪৬ হাজার ৭৭৬ জন মেয়ে পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩৯ হাজার ২৬৮ জন। মেয়েদের পাসের হার ৮৩ দশমিক ৯৫ ভাগ। বোর্ডে মোট জিপিএ-৫ প্রাপ্ত ২ হাজার ২৬৬ জনের মধ্যে ১ হাজার ২২৫ জন ছেলে ও ১ হাজার ৪১ জন মেয়ে।